সংবাদ

তারিখ 20 JAN 2016
পৃষ্ঠা ১৬ ... ২

# শিক্ষা প্রতিষ্ঠানের গেটে নিরাপত্তা প্রহরী মোতায়েনের নির্দেশ

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণে শিক্ষাপ্রতিষ্ঠান (সাধারণ মাদ্রাসা, কারিগরি, ইংরেজি মাধ্যম) গেটে ইউনিফর্মধারী নিরাপত্তা প্রহরী মোতায়েনের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। একই সঙ্গে বাল্যবিবাহ রোধে অগ্রণী ভূমিকা পালনের জন্য স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষকদের প্রতি নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয় থেকে গতকাল জারি করা পৃথক দুটি পরিপত্রে এ নির্দেশনা প্রদান করা হয়। সম্প্রতি বেতন-ফি বাড়ানো নিয়ে দেশের নানা স্থানে বিদ্যালয়গুলোর সামনে নিরাপত্তা : পৃষ্ঠা : ২ ক : ২

## নিরাপত্তা : প্রহরী

(১৬ পৃষ্ঠার পর)

অভিভাবকদের বিক্ষোভের সময় নানা অনাকাঙ্ক্ষিত ঘটনার প্রেক্ষাপটে নিরাপত্তা প্রহরী মোতায়েনের নির্দেশ দিয়েছে বলে জানা গেছে। শিক্ষাপ্রতিষ্ঠানের নিরাপত্তা সংক্রান্ত পরিপত্রে আরও বলা হয়েছে, ক্লাস চলাকালীন শিক্ষক-কর্মচারী ব্যতিত অন্যদের প্রতিষ্ঠানে অবস্থান নিয়ন্ত্রণ করতে হবে। পাশাপাশি শিক্ষকদের সমন্বয়ে সার্বিক নিরাপত্তা সংক্রান্ত ভিজিলেন্স টিম গঠন করতে হবে। ঢাকা মহানগরসহ অন্যান্য মহানগরী এবং জেলা সদরে স্থাপিত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা মানসম্মত নয় বলে পরিপত্রে উদ্বেগ প্রকাশ করা হয়। এতে বলা হয়েছে, বিভিন্ন সময়ে নানা কারণে সৃষ্ট নাজুক পরিস্থিতিতে স্পর্শকাতর এসব শিক্ষাপ্রতিষ্ঠানে অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা ঝুঁকিপূর্ণ হয়ে উঠে এবং ছাত্র শিক্ষক এবং অভিভাবক মহলে উদ্বেগ-উৎকণ্ঠার সৃষ্টি হয়। ফলে শিক্ষাপ্রতিষ্ঠাসমূহে নিয়মিত পাঠদান বিঘ্নিত হয়, শিক্ষা শৃঙ্খলা লংঘিত হয়, সম্পদ ও জীবন ঝুঁকির মধ্যে পতিত হয় বলে পরিপত্রে উল্লেখ করা হয়েছে।